

নিউহ্যাম বেনিফিটস সার্ভিস ম্যাগনিফিসেন্ট সেভেন!

আপনি যদি আপনার দাবীর সাথে নিচের সাতটি জিনিস সরবরাহ করতে পারেন, তাহলে আমরা সবচেয়ে কম সময়ে আপনার বেনিফিটের দরখাস্ত সম্পর্কে কাজ করব বলে প্রতিশ্রুতি দিচ্ছি। *নিউহ্যাম বেনিফিট সার্ভিস*

১. আপনার সম্পূর্ণভাবে পূরণ করা এবং সই করা দাবীপত্র (ক্লেইম ফর্ম), তার মানে হচ্ছে আপনাকে সবগুলো প্রশ্নের জবাব দিতে হবে।
২. আপনার এবং যদি আপনার কোন সাথী থেকে থাকেন, তাহলে তাঁরও পরিচয়ের প্রমাণ।
৩. আপনার এবং যদি আপনার কোন সাথী থেকে থাকেন, তাহলে তাঁর ন্যাশনাল ইন্স্যুরেন্স নম্বরের প্রমাণ।
৪. আপনার এবং যদি আপনার কোন সাথী থেকে থাকেন, তাহলে তাঁর আয়ের প্রমাণ।
৫. আপনার সাথে যাঁরা থাকেন (আপনার সন্তানসহ, যেমন প্রাপ্তবয়স্ক ছেলে বা মেয়ে অথবা অন্য কোন আত্মীয় বা বন্ধু), তাঁদের সমস্ত আয়ের প্রমাণ।
৬. আপনার, আপনার সাথী বা আপনার সন্তানদের যে কোন সঞ্চয়, পুঁজিবিনিয়োগ, স্টক, শেয়ার, সম্পত্তি বা অন্য কোন ধরনের পুঁজি থাকলে, তার প্রমাণ, যার মধ্যে ব্যাঙ্ক বা বিল্ডিং সোসাইটির কারেন্ট অ্যাকাউন্টও অন্তর্ভুক্ত।
৭. আপনি যদি কোন বেসরকারী বাড়িওয়ালা অথবা হাউজিং অ্যাসোসিয়েশনকে বাড়িভাড়া দেন, তাহলে আপনার বাড়িভাড়ার প্রমাণ।

অনুগ্রহ করে মনে রাখবেন আপনার দাবীর সপক্ষে আপনি যে কাগজপত্র দেবেন, তার সবই মূল দলিল হতে হবে। তার মানে আমরা ফটো কপি গ্রহণ করব না। তবে আপনার কাছে যদি এখন সবগুলো প্রমাণ না-ও থাকে, তাহলেও আপনার দাবীপত্র বা ক্লেইম ফর্ম পাঠাতে দেরী করবেন না। প্রমাণগুলো পরে পাঠাতে পারেন, তবে সেটা ৪ সপ্তাহের মধ্যে।

তাহলে, আপনি কি আপনার “ম্যাগনিফিসেন্ট ৭” জড়ো করেছেন?

আমরা প্রমাণ হিসেবে কি কি গ্রহণ করি, সে সম্পর্কে তথ্যের জন্য অনুগ্রহ করে অপর পাতা দেখুন।

Housing & Council Tax Benefits



Newham - a place
where people choose to live



যে প্রমাণ আমরা গ্রহণ করি

পরিচয়ের প্রমাণ নিচের যে কোনটা হতে পারে:

- জন্মের সার্টিফিকেট, বিয়ের বা বিবাহ বিচ্ছেদের সার্টিফিকেট, বিচ্ছিন্ন থাকার অথবা সেটা বাতিলের কাগজ (আপনার বর্তমান নামে)।
- পাসপোর্ট (বর্তমান ও মেয়াদ উত্তীর্ণ হয়নি, এমন) অথবা ন্যাশনাল আইডেন্টিটি কার্ড
- আপনার নামে টিভি লাইসেন্স
- বেনিফিটস এজেন্সী অর্ডার বুক, মেডিকেল কার্ড
- আপনার নামে এবং শেষ তিন মাসের গ্যাস, বিদ্যুৎ, ফোন বা পানির বিল, তবে মোবাইল ফোনের বিল নয়
- ড্রাইভিং লাইসেন্স (ফটোকোর্ড অথবা কাগজের) - পূর্ণাঙ্গ বা প্রভিশনাল
- চেক কার্ড অথবা ক্রেডিট কার্ড বা ডেবিট কার্ড
- হার ম্যাজেস্টিজ বা এইচএম বাহিনী বা মার্চেন্ট নেভীতে চাকরির সার্টিফিকেট
- সলিসিটর, বা সোস্যাল ওয়ার্কার কিংবা প্রবেশন অফিসারের চিঠি
- হোম অফিসের সাধারণ প্রাপ্তির (স্ট্যাণ্ডার্ড অ্যাকনলেজমেন্ট) চিঠি
- রেসিডেন্স পারমিট অথবা এলিয়েনস রেজিস্ট্রেশন সার্টিফিকেট কিংবা ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি ডাইরেক্টরেট ট্রাভেল'এর কাগজপত্র

আপনার ন্যাশনাল ইন্সুরেন্স নম্বরের (এনআই নং) প্রমাণ নিচের যে কোনটা হতে পারে:

- পি৪৫ বা পি৬০
- ইনল্যান্ড রেভিনিউর কাছ থেকে ট্যাক্স সম্পর্কে চিঠি
- বেনিফিটস এজেন্সী অর্ডার বুক যার মধ্যে আপনার এনআই নং আছে, যেমন অবসরভাতা বা ইনকাম সাপোর্ট
- ব্যাঙ্ক স্টেটমেন্ট যাতে ক্লাস ২ ন্যাশনাল ইন্সুরেন্স'এ দেওয়া টাকা অথবা ইনকাম সাপোর্ট বা জবসীকার্স অ্যালাউন্স'এর রসীদ
- পে স্লিপ বা বেতনের কাগজসঅথবা বেতনের স্টেটমেন্ট কিংবা কাজ থেকে অবসর নেবার স্টেটমেন্ট যদি তাতে আপনার এনআই নং দেখানো থাকে
- বেনিফিটস এজেন্সী থেকে যে চিঠি আপনাকে পাঠানো হয়েছে (হাতে লেখা নয়)
- এনআই নং কার্ড (হাতে লেখা নয়)

আয় এবং পুঁজির প্রমাণ নিচের যে কোনটা হতে পারে:

- পে স্লিপ বা বেতনের কাগজ (গত ৫ সপ্তাহের অথবা গত ১২ মাসের পে স্লিপ - কোন বিরতি থাকতে পারবে না)
- আপনি যদি স্বনিয়োজিত হয়ে থাকেন, তাহলে গত অর্থ বছরের বরসার হিসাব (ট্রেডিং অ্যাকাউন্ট)। আপনি যদি এক বছরের কম সময় ধরে ব্যবসা করে থাকেন, তাহলে আমরা কি তথ্য চাই, সেটা জানিয়ে আপনার কাছে চিঠি লিখব
- বেনিফিটস এজেন্সী অর্ডার বুক
- ইনকাম সাপোর্ট বা জবসীকার্স অ্যালাউন্স'এর সিদ্ধান্ত জানিয়ে লেখা চিঠি
- ব্যাঙ্ক অথবা বিল্ডিং সোসাইটি বা পোস্ট অফিস অ্যাকাউন্টের পাসবই বা স্টেটমেন্ট (প্রতিটি অ্যাকাউন্টের জন্য গত ২টি করে স্টেটমেন্ট)
- স্টক অথবা শেয়ার কিংবা বণ্ডের জন্য শেয়ার সার্টিফিকেট বা ডিভিডেন্ট স্টেটমেন্ট

বাড়িভাড়ার প্রমাণ নিচের যে কোনটা হতে পারে:

- বাড়িভাড়ার চুক্তি
- রেন্ট বুক বা বাড়িভাড়ার বই
- বাড়িওয়ালার চিঠি
- এজেন্টের চিঠি

বাড়িভাড়ার প্রমাণ হিসেবে নিচের তথ্যগুলো সরবরাহ করতে হবে:

- বাড়ির মালিকের পুরো নাম এবং অফিস বা বাড়ির ঠিকানা
- যে কোন এজেন্টের পুরো নাম এবং অফিসের ঠিকানা
- যে তারিখে চুক্তি শুরু হয়েছে
- বর্তমানে যে বাড়িভাড়া দেবার কথা, তার পরিমাণ
- বাড়িভাড়ায় কি কি অন্তর্ভুক্ত আছে। যেমন, বাড়ি গরম করা, বাতি, বাড়ি পরিষ্কার করা, পানির বিল, খাবার-দাবার, ব্যক্তিগত দেখাশোনা, সাধারণ কাউন্সেলিং এবং সাহায্য
- ভাড়া দেবার সময়কাল বা কত ঘন ঘন দিতে হয়, যেমন সাপ্তাহিক, মাসিক, চার সপ্তাহ পর পর।

এগুলো শুধুমাত্র দৃষ্টান্ত, সম্পূর্ণ তালিকা নয়। অনুগ্রহ করে আপনার সমস্ত আয় ও পুঁজির প্রমাণ সরবরাহ করুন।